

# বন্দর ও পরিবহন বিভাগের কার্যাবলীঃ

- (১) দি পোর্টস অ্যাক্ট-১৯০৮, আইডব্লিউটিএ অর্ডিন্যান্স-১৯৫৮ এবং পোর্ট রুলস-১৯৬৬ অনুসারে অভ্যন্তরীণ নদী বন্দর, লঞ্চঘাট/ল্যান্ডিং স্টেশন, ফেরিঘাট সমূহের উন্নয়ন, নিয়ন্ত্রণ ও পরিচালন করা;
- (২) নতুন নদী বন্দর প্রতিষ্ঠার সম্ভাব্যতা যাচাইসহ এ সংক্রান্ত যাবতীয় কার্য সম্পাদন করে নতুন বন্দর প্রতিষ্ঠা করা;
- (৩) যাত্রী ও মালামাল উঠানামার বন্দর সুবিধাদি প্রদান করাসহ রক্ষণাবেক্ষণের ব্যবস্থা করা;
- (৪) সকল অভ্যন্তরীণ নদী বন্দর, ল্যান্ডিং স্টেশন, ফেরিঘাট, টার্মিনাল ও উপকূলীয় টার্মিনাল সমূহ উন্নয়ন করা;
- (৫) বিভিন্ন লঞ্চঘাট, ফেরিঘাট, শুল্ক আদায়কেন্দ্র, লেবার হ্যান্ডলিং পয়েন্ট, টার্মিনাল, উপকূলীয় টার্মিনাল জেটি ইত্যাদি ইজারা প্রদানের মাধ্যমে রাজস্ব আদায় করা;
- (৬) দি পোর্টস অ্যাক্ট-১৯০৮, আইডব্লিউটিএ অর্ডিন্যান্স-১৯৫৮ এবং পোর্ট রুলস-১৯৬৬-এর বিধি-বিধান অনুসারে নৌ-বানিজ্যিক কর্মকান্ড পরিচালনার জন্য অভ্যন্তরীণ নদী বন্দরসমূহের তীরভূমি (FORESHORE) ব্যবহারের লাইসেন্স প্রদান ও নবায়ন করা। তাছাড়া নদীর স্বভাবিক গতি প্রবাহে বিঘ্ন সৃষ্টি না করে তীরভূমিতে ফ্যাক্টরী স্থাপন, ফ্যাক্টরীর মালামাল উঠানামার জন্য জেটি নির্মাণ এবং ডকইয়ার্ড/বিদ্যুৎ কেন্দ্র/অন্যান্য স্থাপনা নির্মাণের লাইসেন্স প্রদান ও নবায়ন করা;
- (৭) নদী বন্দর সমূহের সীমানার মধ্যে তীরভূমিতে যাতে কোন ধরনের অবৈধস্থাপনা গড়ে না ওঠে সে বিষয়ে তদারকি করাসহ অবৈধ স্থাপনা থাকলে সেগুলো উচ্ছেদের কার্যকরি ব্যবস্থা গ্রহন করা;
- (৮) বন্দর ও পরিবহন বিভাগের আর্থিক, প্রশাসনিক ও বন্দর ব্যবস্থাপনা সংক্রান্ত কার্যাবলী পরিচালনা করা;
- (৯) অভ্যন্তরীণ নৌ-পথের মাধ্যমে যাতে পরিবেশ দূষণ না ঘটে এবং কেউ যাতে পরিবেশ দূষণ সংক্রান্ত কার্যাবলী চালাতে না পারে সে দিকে বিশেষভাবে লক্ষ্য রাখা ও প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা গ্রহন করা; এবং
- (১০) অভ্যন্তরীণ নদী বন্দরসমূহের উন্নয়ন, আধুনিকায়ন ও নদী বন্দরসমূহের মাধ্যমে জনগণের সেবা প্রদান সংক্রান্ত সরকার/কর্তৃপক্ষের নির্দেশে অন্যান্য কার্যাবলী পরিচালনা করা।